

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৬৮

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ বিবাহ করা নাবী (ﷺ) এর একটি সুন্নাত

আরবী

وَعَنْ أَنَسِ بْنِ مَالِكِ _ رضي الله عنه _ _ أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ حَمِدَ اللَّهَ, وَأَثْنَى عَلَيْهِ, وَقَالَ: «لَكِنِّي أَنَا أُصلِّي وَأَنَامُ, وَأَصنُومُ وَأُفْطِرُ, وَأَتَزَقَّجُ النِّسَاءَ, فَمَنْ رَغِبَ عَنْ سُنَّتِي فَلَيْسَ مِنِّي». مُتَّفَقُ عَلَيْهِ

صحيح. رواه البخاري (5063)، ومسلم (1401) عن أنس بن مالك _ رضي الله عنه _ يقول: جاء ثلاثة رهط إلى بيوت أزواج النبي _ صلى الله عليه وسلم _ يسألون عن عبادة النبي _ صلى الله عليه وسلم _ ، فلما أخبروا كأنهم تقالوها. فقالوا: وأين نحن من النبي _ صلى الله عليه وسلم _ ؟ قد غفر الله له ما تقدم من ذنبه وما تأخر. قال أحدهم: أما أنا فأنا أصلي الليل أبدًا. وقال آخر: أنا أصوم الدهر ولا أفطر. وقال آخر أنا أعتزل النساء ولا أتزوج أبدًا، فجاء رسول الله _ صلى الله عليه وسلم _ ، فقال: أنتم الذين قلتم كذا وكذا؟ أما والله إني لأخشاكم لله وأتقاكم له، لكني أصوم ...

বাংলা

৯৬৮। আনাস বিন মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একদা) আল্লাহর জন্য স্তৃতি বর্ণনা ও প্রশংসা করলেন, আর বললেন- আমি তো সালাত আদায় করি, ঘুমাই, সওম পালন করি, সওম (নফল) রাখি কোন সময়ে ত্যাগও করি, মহিলাদের বিবাহ করি (এসবই আমার আদর্শভুক্ত)। ফলে যে ব্যক্তি আমার তরীকাহ (জীবন্যাপন পদ্ধতি) হতে বিমুখ হবে সে আমার উম্মাতের মধ্যে নয়।[1]



ফুটনোট

[1] বুখারী ৫০৬৩, মুসলিম ১৪০১, নাসায়ী ৩২১৩, আহমাদ ১৩১২২, ১৩৩১৬। বুখারী এবং মুসলিমের বর্ণনায় রয়েছে-

عن أنس بن مالك _ رضي الله عنه _ يقول: جاء ثلاثة رهط إلى بيوت أزواج النبي _ صلى الله عليه وسلم _ يسألون عن عبادة النبي _ صلى الله عليه وسلم _ ، فلما أخبروا كأنهم تقالوها. فقالوا: وأين نحن من النبي _ صلى الله عليه وسلم _ ؟ قد غفر الله له ما تقدم من ذنبه وما تأخر. قال أحدهم: أما أنا فأنا أصلي الليل أبدًا. وقال آخر: أنا أصوم الدهر ولا أفطر. وقال آخر أنا أعتزل النساء ولا أتزوج أبدًا، فجاء رسول الله _ صلى الله عليه وسلم _ ، فقال: أنتم الذين قلتم كذا وكذا؟ أما والله إني لأخشاكم لله وأتقاكم له، لكني أصوم ... الحديث

আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তিন জনের একটি দল নাবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর ইবাদাত সম্পর্কে জিজ্ঞেস করার জন্য নাবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীদের বাড়িতে আসল। যখন তাঁদেরকে এ সম্পর্কে জানানো হলো, তখন তারা ইবাদাতের পরিমাণ কম মনে করল এবং বলল, নাবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে আমাদের তুলনা হতে পারে না। কারণ, তাঁর আগের ও পরের সকল গুনাহ ক্ষমা ক'রে দেয়া হয়েছে। এমন সময় তাদের মধ্য থেকে একজন বলল, আমি সারা জীবন রাতভর সালাত আদায় করতে থাকব। অপর একজন বলল, আমি সব সময় সওম পালন করব। এবং কক্ষনো বাদ দিব না। অপরজন বলল, আমি নারী সংসর্গ ত্যাগ করব, কখনও বিয়ে করব না। এরপর রস্লুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট এলেন এবং বললেন, 'তোমরা কি ঐ সব লোক যারা এমন এমন কথাবার্তা বলেছ? আল্লাহর কসম! আমি আল্লাহকে তোমাদের চেয়ে বেশি ভয় করি এবং তোমাদের চেয়ে তার প্রতি বেশি অনুগত; অথচ আমি সওম পালন করি, তঃপর উপরোক্ত হাদীসটি বর্ণনা করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন